রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, মে ৮, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়**
**জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ**
**অপারেশন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৫ বৈশাখ, ১৪৩০ বঙ্গাব্দ/০৮ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নম্বর ৯৭-আইন/২০২৩।**—সরকার, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ (২০০৩ সনের ১৩ নং আইন) এর ধারা ৩৪ ক-তে প্রদত্ত ক্ষমতাবলে, জনস্বার্থে, ১৮ জানুয়ারি ২০২৩ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস. আর. ও. নম্বর-১৪-আইন/২০২৩ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের—

(১) Table এর—

(ক) কলাম (১) এর ক্রমিক নং ২ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং ২ এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

“
| | | |
|---|---|---|
| ২। | ক্যাপটিভ বিদ্যুৎ | |
| | (ক) ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্ট, স্মল পাওয়ার প্ল্যান্ট ও বাণিজ্যিক বিদ্যুৎ কেন্দ্র | ৩০.০০ |
| | **(খ) ভোলার নন-পাইপ গ্যাস | ৪৭.৫০ |

” ;


মূল্য : টাকা ৪.০০

(খ) কলাম (১) এর ক্রমিক নং ৪ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং ৪ এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

“

| | | |
|---|---|---|
| ৪। | শিল্প : | |
| | (ক) বৃহৎ | ৩০.০০ |
| | (খ) মাঝারি | ৩০.০০ |
| | (গ) ক্ষুদ্র, কুটির ও অন্যান্য | ৩০.০০ |
| | **(ঘ) ভোলার নন-পাইপ গ্যাস | ৪৭.৫০ |

” ;

(গ) পাদটীকা “*” এর পর নিম্নরূপ পাদটীকা “**” সন্নিবেশিত হইবে, যথা :—

“** প্রতি ঘনমিটার গ্যাসের মূল্যহারের মধ্যে ফিড গ্যাসের মূল্য ১৭.০০ টাকা এবং উদ্যোক্তা প্রতিষ্ঠানের চার্জ ৩০.৫০ টাকা (কম্প্রেসন চার্জ ৮.০০ টাকা, পরিবহন চার্জ ২১.০০ টাকা এবং ডি-প্রেসারাইজেশন চার্জ ১.৫০ টাকা) অন্তর্ভুক্ত।”;

(২) শর্ত এর পরিবর্তে নিম্নরূপ শর্ত প্রতিস্থাপিত হইবে, যথা :—

“শর্ত :—

গৃহস্থালি ব্যতীত অন্যান্য গ্রাহকশ্রেণি, যথা : বিদ্যুৎ (সরকারি, আইপিপি ও রেন্টাল বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র), ক্যাপটিভ বিদ্যুৎ (ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্ট, স্মল পাওয়ার প্ল্যান্ট, বাণিজ্যিক বিদ্যুৎ কেন্দ্র ও ভোলার নন-পাইপ গ্যাস), সার, শিল্প (বৃহৎ, মাঝারি, ক্ষুদ্র, কুটির ও অন্যান্য এবং ভোলার নন-পাইপ গ্যাস), চা-শিল্প (চা-বাগান), বাণিজ্যিক (হোটেল এন্ড রেস্টুরেন্ট ও অন্যান্য) এবং সিএনজি এর ক্ষেত্রে প্রতি ঘনমিটারে (মাসিক অনুমোদিত লোডের বিপরীতে) ০.১০ টাকা হারে ডিমান্ড চার্জ প্রযোজ্য হইবে, তবে বিদ্যুৎ গ্রাহকশ্রেণির আওতাধীন কোনো বিদ্যুৎ কেন্দ্রে এবং সার গ্রাহকশ্রেণির আওতাধীন কোনো সার কারখানায় কোনো মাসে গ্যাস সরবরাহকারী/ বিতরণ কোম্পানি কর্তৃক ১৫ (পনেরো) দিন বা তাহার বেশি গ্যাস সরবরাহ বন্ধ রাখা হইলে উক্ত গ্রাহকের ক্ষেত্রে উক্ত মাসে ডিমান্ড চার্জ প্রযোজ্য হইবে না।”।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শেখ মোহাম্মদ বেলায়েত হোসেন**
উপসচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ব্রেনজন চাম্বুগং, উপপরিচালক (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd